28

দৈনিক জনকণ্ঠ

তারিখ 06 JAN 1996
পৃষ্ঠা ৯ কলাম ৫

# তিন লাখ টাকা নিয়ে ভর্তি করতে না পেরে—

শরিফুজ্জামান পিন্টু

ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষে ভর্তির টোপ দেখিয়ে তিন লাখ টাকা হাতিয়ে নিয়েছে এক কর্মচারী। টাকা নিয়ে ভর্তি করতে না পারায় সে ছয়মাস বিনাছুটিতে কর্মস্থল ত্যাগ করে। এদিকে ছুটি না নিয়ে দীর্ঘদিন কর্মস্থলে অনুপস্থিত থাকায় উক্ত কর্মচারীকে চাকরিচ্যুত করা হয়েছে। খবর সংশ্লিষ্ট সূত্রের।

জানা গেছে, '৯৫ সালে কলা অনুষদে ভর্তির টোপ দেখিয়ে উক্ত অনুষদেরই ডীন অফিসের জনৈক কর্মচারী ছয় ব্যক্তির কাছ থেকে তিন লাখ টাকা গ্রহণ করে। ভর্তি করতে ব্যর্থ হবার পর সে গা ঢাকা দেয়। এদিকে টাকা প্রদানকারীরা কর্মচারীকে না পেয়ে লাইব্রেরীতে কর্মরত তার ভাইকে আটক ও মারধর করে।

জানা গেছে, গত বছরের মাঝামাঝি থেকে ছুটি না নিয়ে অনুপস্থিত থাকার কারণে বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী সে চাকরিচ্যুত হয়। বর্তমানে তাকে বিশ্ববিদ্যালয় এলাকায় দেখা যাচ্ছে। সে চাকরিতে পুনর্বহালের জন্যে দেন-দরবার করছে বলে জানা যায়।